

জাবির বঙ্গবন্ধু হলে ছাত্রলীগের ব্লক থেকে দেশিয় অস্ত্র উদ্ধার

জাবি প্রতিনিধি

১৩ আগস্ট ২০২৪, ০৭:৪১ পিএম



জাবির বঙ্গবন্ধু হলে ছাত্রলীগের ব্লক থেকে দেশিয় অস্ত্র উদ্ধার। ছবি: সংগৃহীত

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে ছাত্রলীগ নেতাকর্মীদের কক্ষে অভিযান চালিয়ে বিপুল দেশিয় অস্ত্র ও মদের বোতল উদ্ধার করা হয়েছে। আজ মঙ্গলবার দুপুরে হল প্রশাসন ও ছাত্ররা ছাত্রলীগের বিভিন্ন কক্ষে অভিযান চালান। জাবি ছাত্রলীগের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান লিটন এ হল থেকেই সাংগঠনিক কার্যক্রম পরিচালনা করতেন।

বঙ্গবন্ধু হলের ছাত্ররা জানান, কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে গত ১৫ জুলাই রাতে উপচার্যের বাসভবনের সামনে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলায় বঙ্গবন্ধু হল ছাত্রলীগের অনেক নেতাকর্মী অংশ নেয়। সোদিন রাতে হামলায় ব্যবহৃত অস্ত্রের একটি অংশ ছাত্রলীগ নেতাকর্মীদের কক্ষে রয়েছে এমন সন্দেহে এ অভিযান পরিচালনা করা হয়েছে।

এ দিকে, আওয়ামী লীগ সরকার পতনের পর শিক্ষার্থীদের তোপের মুখে হলের প্রভোষ্ট অধ্যাপক ইসরাফিল আহমেদসহ ওয়ার্ডেন ও আবাসিক শিক্ষকরা পদত্যাগ করেছেন। বর্তমানে হলে এই পদগুলোতে কোনো শিক্ষক না থাকায় প্রশাসনিক কর্মকর্তা ও কর্মচারীরা শিক্ষার্থীদের নিয়ে সাংবাদিকদের উপস্থিতিতে এই অভিযান পরিচালনা করেন। অভিযানে হলের তিন তলার দুইটি ব্লকের ছাত্রলীগ নেতাকর্মীদের কক্ষ থেকে রামদা, চাপাতি, ছুরি, লোহার পাইপ, মদের খালি বোতল ও জন্মনিয়ন্ত্রক সামগ্রী উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া অস্ত্রগুলো হল অফিসে রাখা হয়েছে।

হলের প্রশাসনিক কর্মকর্তা জালাল উদ্দিন বলেন, ‘শিক্ষার্থীরা এসে আমাদের অভিযান পরিচালনা করার কথা জানায়। এর পরিপ্রেক্ষিতে সাংবাদিকদের উপস্থিতিতে শিক্ষার্থীদের নিয়ে আমরা অভিযান পরিচালনা করি। তিনতলার কক্ষগুলো থেকে অস্ত্র উদ্ধার করি। অস্ত্রগুলো হল অফিসে জন্ম করা আছে। আমি আমার উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়েছি। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরবর্তী ব্যবস্থা নিবেন।’